রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ১৪, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৯ আশ্বিন ১৪৩২/ ১৪ অক্টোবর ২০২৫

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০৫৭.২৪.২৩৮—আগামী ৩০ অক্টোবর ২০২৫ হতে ১৩ নভেম্বর ২০২৫ মেয়াদে উজবেকিস্তানে জাতিসংঘের আওতাধীন 'বিশ্ব সাংস্কৃতিক সংস্থা'র ৪৩-তম সাধারণ পরিষদের সম্মেলন অনুষ্ঠিত হতে যাচ্ছে। বাংলাদেশ উক্ত সম্মেলনে সভাপতি নির্বাচিত হয়। উল্লেখ্য, সাধারণ পরিষদের সভাপতি পদে বাংলাদেশ ছাড়াও জাপান, ভারত ও দক্ষিণ কোরিয়া প্রজাতন্ত্র প্রতিদ্বন্দ্বিতা করে।

২। ইউনেস্কো জাতিসংঘের একটি বিশেষ সংস্থা যা মানসম্মত শিক্ষার সুযোগ নিশ্চিত করা, সাংস্কৃতিক ঐতিহ্য সুরক্ষা করা এবং বিপন্ন ভাষা রক্ষা করার জন্য সারা বিশ্বে কাজ করে থাকে। উক্ত প্রতিষ্ঠানে বাংলাদেশ সাধারণ পরিষদের সভাপতি নির্বাচিত হওয়ার বিষয়টি জাতির জন্য এক গৌরবের বিষয়। বাংলাদেশ ইউনেস্কোতে দেশের ৫৩ বছরের সদস্যপদের ইতিহাসে শীর্ষ এই পদের জন্য নির্বাচিত হয়েছে।

৩। মাননীয় প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূসের দূরদর্শী নেতৃত্বের বিশ্বব্যাপী গ্রহণযোগ্যতা, শিক্ষা মন্ত্রণালয় ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সমন্বিত উদ্যোগ এবং পররাষ্ট্র মন্ত্রণালয় ও জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী মিশনের সর্বাত্মক প্রচেষ্টা ও প্রচারণার ফলে বাংলাদেশ ইউনেস্কোর ৪৩-তম সাধারণ পরিষদের সভাপতি নির্বাচিত হয়েছে।

৪। জাতিসংঘের ইউনেস্কোর ৪৩-তম সাধারণ পরিষদের সভাপতি নির্বাচিত হওয়ার মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল হওয়ায় মাননীয় প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূস-কে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে উপদেষ্টা পরিষদের ২৪ আশ্বিন ১৪৩২/ ৯ অক্টোবর ২০২৫ তারিখের বৈঠকে অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়।

৫। উপদেষ্টা পরিষদের বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব

## উপদেষ্টা পরিষদের অভিনন্দন প্রস্তাব

ঢাকা : ২৪ আশ্বিন ১৪৩২ / ৯ অক্টোবর ২০২৫

আগামী ৩০ অক্টোবর ২০২৫ হতে ১৩ নভেম্বর ২০২৫ মেয়াদে উজবেকিস্তানে জাতিসংঘের আওতাধীন ‘বিশ্ব সাংস্কৃতিক সংস্থা’র ৪৩-তম সাধারণ পরিষদের সম্মেলন অনুষ্ঠিত হতে যাচ্ছে। বাংলাদেশ উক্ত সম্মেলনে সভাপতি নির্বাচিত হয়। উল্লেখ্য, সাধারণ পরিষদের সভাপতি পদে বাংলাদেশ ছাড়াও জাপান, ভারত ও দক্ষিণ কোরিয়া প্রজাতন্ত্র প্রতিদ্বন্দ্বিতা করে। এর মধ্যে দক্ষিণ কোরিয়া ও ভারত তাদের প্রার্থিতা প্রত্যাহার করে নিয়েছিল।

ইউনেস্কো জাতিসংঘের একটি বিশেষ সংস্থা যা মানসম্মত শিক্ষার সুযোগ নিশ্চিত করা, সাংস্কৃতিক ঐতিহ্য সুরক্ষা করা এবং বিপন্ন ভাষা রক্ষা করার জন্য সারা বিশ্বে কাজ করে থাকে। উক্ত প্রতিষ্ঠানে বাংলাদেশ সাধারণ পরিষদের সভাপতি নির্বাচিত হওয়ার বিষয়টি জাতির জন্য এক গৌরবের বিষয়। বাংলাদেশ ইউনেস্কোতে দেশের ৫৩ বছরের সদস্যপদের ইতিহাসে শীর্ষ এই পদের জন্য নির্বাচিত হয়েছে। বাংলাদেশের পক্ষে রাষ্ট্রদূত জনাব তালহা অক্টোবর ২০২৫ এর শেষ সপ্তাহে উজবেকিস্তানের সমরকন্দে অনুষ্ঠেয় সাধারণ পরিষদের আসন্ন ৪৩তম সভায় রোমানিয়ার রাষ্ট্রদূত সিমোনা মিরেলা মিকুলেস্কুর স্থলাভিষিক্ত হবেন এবং আগামী দুই বছর মেয়াদে এই শীর্ষ পদ অলংকৃত করবেন।

মাননীয় প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূসের দূরদর্শী নেতৃত্বের বিশ্বব্যাপী গ্রহণযোগ্যতা, শিক্ষা মন্ত্রণালয় ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সমন্বিত উদ্যোগ এবং পররাষ্ট্র মন্ত্রণালয় ও জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী মিশনের সর্বাত্মক প্রচেষ্টা ও প্রচারণার ফলে বাংলাদেশ ইউনেস্কোর ৪৩-তম সাধারণ পরিষদের সভাপতি নির্বাচিত হয়েছে।

জাতিসংঘের ইউনেস্কোর ৪৩-তম সাধারণ পরিষদের সভাপতি নির্বাচিত হওয়ার মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল হওয়ায় উপদেষ্টা পরিষদ মাননীয় প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূস-কে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছে।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd